**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 31-01-2025** **Desk in Charge :**

**Time : 7.35 A.M.** **Compiling :**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি –

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ সংসদের বাজেট অধিবেশন আজ শুরু হচ্ছে। # রাষ্ট্রপতির অভিভাষণের পর পেশ করা হবে অর্থনৈতিক সমীক্ষা। বাজেট আগামীকাল।

২/ কলকাতা হাইকোর্ট, পশ্চিমবঙ্গ মেডিক্যাল কাউন্সিলের রেজিস্ট্রার পদ থেকে মানস চক্রবর্তীকে অপসারিত করার নির্দেশ দিয়েছে।

৩/ RG KAR হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে আর্থিক দুর্নীতি মামলায় CBI- এর তদন্তকারী আধিকারিককে আলিপুর আদালতে 'শো কজ' করা হয়েছে।

৪/ উত্তরপ্রদেশের প্রয়াগরাজের মহাকুম্ভে পদপিষ্ট হওয়ার ঘটনার পর এরাজ্যের আরো একজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। # নিখোঁজ আরো কয়েকজন।

৫/ পূর্ব রেলের কাঁকুড়গাছি ও বালিগঞ্জ স্টেশনে ইলকট্রনিক ইন্টারলকিং সিস্টেম চালুর জন্য দক্ষিণ শাখায় আগামীকাল থেকে সোমবার পর্যন্ত ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে।

৬/ ইডেনে রঞ্জি ট্রফি ক্রিকেটের গ্রূপলিগ পর্বের শেষ ম্যাচের দ্বিতীয় দিনে বাংলা আজ তাদের প্রথম ইনিংসে চার উইকেটে ১১৯ রান হাতে নিয়ে খেলতে নামবে।

৭/ উত্তরাখণ্ডের দেরাদুনে জাতীয় গেমসের তৃতীয় দিনে বাংলা গতকাল আরো দু'টি ব্রোঞ্জ পদক পেয়েছে।

*******************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর যৌথ অভিভাষণের মধ্যে দিয়ে সংসদের বাজেট অধিবেশন আজ শুরু হচ্ছে। লোকসভা এবং রাজ্যসভায় যৌথ অধিবেশনে রাষ্ট্রপতির অভিভাষনের পরেই পেশ করা হবে অর্থনৈতিক সমীক্ষা।

আগামীকাল পয়লা ফেব্রুয়ারী অর্থমন্ত্রী নির্মলা সীতারমন ২০২৫-২৬ আর্থিক বছরের বাজেট পেশ করবেন। সংসদের যৌথ সভায় রাষ্ট্রপতির অভিভাষণের ওপর ধন্যবাদ সূচক প্রস্তাব নিয়ে আলোচনা হবে সোমবার। তারপর শুরু হবে বাজেটের ওপর আলোচনা। বাজেট অধিবেশনের প্রথম পর্ব ১৩ ই ফেব্রুয়ারি পর্যন্ত এই আলোচনা চলবে।

এদিকে, বাজেট অধিবেশনের কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য সরকার, সব রাজনৈতিক দলের কাছে সহযোগিতার আবেদন জানিয়েছে। এই বাজেট অধিবেশনের প্রাক্কালে সংসদভবন চত্বরে গতকাল এক সর্বদলীয় বৈঠক বসে।

সর্বদলীয় বৈঠকে উপস্থিত ছিলেন, প্রতিরক্ষা মন্ত্রী লোকসভার নেতা রাজনাথ সিং, স্বাস্থ্যমন্ত্রী ও রাজ্যসভার নেতা জে পি নাড্ডা, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু, কংগ্রেসের জয়রাম রমেশ ও গৌরব গগৈ, তৃণমূল কংগ্রেস সাংসদ সুদীপ বন্দোপাধ্যায় প্রমুখ।

***************************

আকাশবাণী আগামীকাল পয়লা ফেব্রুয়ারি, সংসদে অর্থমন্ত্রীর বাজেট ভাষণ সরাসরি সম্প্রচার করবে। বাজেট পেশের পর থাকবে দিল্লি থেকে বিশেষ বুলেটিন এবং আলোচনা'ও। এইজন্যে আকাশবাণী কলকাতার সকাল ১০.১০, বেলা ১২.৩০ ও ১২.৫০ এর সংবাদ বুলেটিন, শুধুমাত্র সঞ্চয়িতা প্রচার তরঙ্গে শোনা যাবে। বেলা ১.৩০ ও ১.৪০ এর খবরের সময় পরিবর্তন করা হয়েছে। পরিবর্তিত সূচী অনুযায়ী ১.৩০-এর জাতীয় সংবাদ প্রচারিত হবে বেলা ৩'টেয় গীতাঞ্জলী প্রচার তরঙ্গে। ১.৪০-এর স্থানীয় সংবাদ প্রচারিত হবে ঐ একই প্রচারতরঙ্গে, ঠিক তারপর, ৩ টে ১০ মিনিট থেকে। এটির সময়সীমা বাড়িয়ে করা হয়েছে ১০ মিনিটের। ওইদিন ৫.১০-এর খবরও হবে ১০ মিনিটের, তা শোনা যাবে গীতাঞ্জলীতে।

অন্যদিকে সন্ধে ৭.৫০-এর স্থানীয় সংবাদের সময়সীমা ও বাড়িয়ে করা হয়েছে ১৫ মিনিট। রাত ৮.১০ এর খেলার খবর আগামীকাল বাতিল থাকছে। রাত সাড়ে ৮ টা থেকে ৯ টা পর্যন্ত গীতাঞ্জলীতে প্রচারিত হবে বাজেট নিয়ে বিশেষ অনুষ্ঠান।

***************************

সমাজের সর্বস্তরের মানুষ হরেক প্রত্যাশা নিয়ে তাকিয়ে থাকেন কেন্দ্রীয় বাজেটের দিকে। চাকুরীজীবীরা চান আয়কর ছাড়, ব্যবসায়ীদের প্রত্যাশা কর ও শুল্ক ছাড় সহ নতুন নানা সুযোগ। আবার বৃত্তিজীবি সর্বস্তরের মানুষেই প্রত্যাশা বাজেটে জিনিসপত্রের দাম কমিয়ে তাদের জীবন যাপনে সুরাহা করতে যেন কোন উল্লেখযোগ্য পদক্ষেপ করা হয় ।
আমাদের প্রতিনিধিরা সেরকমই সমাজের বিভিন্ন স্তরের মানুষের সঙ্গে কথা বলে বাজেট সম্পর্কে তাদের প্রত্যাশার কথা শুনেছেন।

( Bytes- খৈতান, অরূপ ঘোষ)

***************************

রাজ্যপালের অভিভাষণের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ বিধানসভার বাজেট অধিবেশন শুরু করার জন্যে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, সি ভি আনন্দ বোসকে চিঠি দিয়ে আমন্ত্রণ জানাবেন। পরিষদীয় দপ্তর সূত্রে জানা গেছে, অধিবেশনে রাজ্যপালের অভিভাষণের উপরে আলোচনাও হবে।

উল্লেখ্য, আগামী ১০'ই ফেব্রুয়ারি, রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হতে চলেছে।

***************************

কলকাতা হাইকোর্ট, অবসরের পাঁচ বছর পরেও পদে থেকে যাওয়া পশ্চিমবঙ্গ মেডিক্যাল কাউন্সিলের রেজিস্ট্রার মানস চক্রবর্তীকে সরিয়ে দিয়েছে।

প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম গতকাল এনিয়ে শুনানির সময় ২৪ ঘন্টার মধ্যে রেজিস্ট্রারকে তাঁর পদ ছাড়তে বলেন। আজ বিকেল পাঁচটার মধ্যে মানসবাবু পদত্যাগ না করলে, তাঁকে অপসারণ করা হবে বলেও আদালত স্পষ্ট জানিয়েছে। রাজ্য সরকারের

অনুমোদন ছাড়া কিভাবে তিনি এতো বছর এই পদে থেকে গেলেন, সেই প্রশ্ন’ও তুলেছে আদালত।

উল্লেখ্য, ২০১৯ সালের পয়লা নভেম্বর মানসবাবুর কার্যকালের মেয়াদ শেষ হয়, কিন্তু তারপরেও তিনি পদত্যাগ করেননি বলে অভিযোগ। আইন অনুযায়ী, সময়সীমা পেরিয়ে যাওয়ার পরেও পদে থাকতে গেলে রাজ্য সরকারের আগাম অনুমোদন দরকার হয়। কিন্তু এক্ষেত্রে তা’ও নেওয়া হয়নি।

এদিকে, পশ্চিমবঙ্গ মেডিক্যাল কাউন্সিলের চেয়ারম্যান ডাক্তার সুদীপ্ত রায় জানিয়েছেন, নতুন রেজিস্ট্রার নিয়োগের প্রক্রিয়া শুরু করা হয়েছে। খুব শীঘ্রই এই নিয়োগ করা হবে।

**************************

RG KAR হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে আর্থিক দুর্নীতি মামলায় CBI তদন্তকারী আধিকারিককে আলিপুর আদালতে ‘শো কজ’ করা হয়েছে। সন্দীপ ঘোষের বিরুদ্ধে চার্জ গঠনের জন্য রাজ্য যে অনুমোদন দিয়েছে, তা’ CBI আদালতকে না জানানোয়, এই নির্দেশ।

মামলার শুরুতেই গতকাল বিচারক তদন্তের অগ্রগতি নিয়ে সংশ্লিষ্ট আধিকারিকের কাছে জানতে চান। তিনি তখন সন্দীপ ঘোষের বিরুদ্ধে চার্জশিট পেশ ও চার্জ গঠনের ক্ষেত্রে, রাজ্যের সম্মতি পাওয়া গেছে জানালে বিচারক বলেন, ২৭শে জানুয়ারী রাজ্য অনুমোদন দিয়েছে, ২৮শে জানুয়ারী হাইকোর্টে স্টেটাস রিপোর্ট সহ রাজ্য সরকারের এই সম্মতির বিষয়টি CBI-এর তরফে পেশ করা হয়। কিন্তু তিনদিন পেড়িয়ে গেলেও, নিম্ন আদালতে লিখিতভাবে তা’ জানানো হয়নি। আজকের মধ্যে মামলার সমস্ত নথি এবং ‘শো কজ’-এর লিখিত জবাব আদালতে পেশ করার’ও নির্দেশ দিয়েছেন বিচারক। কলকাতা হাইকোর্ট গত মঙ্গলবার RG KAR-এর আর্থিক দুর্নীতি মামলায় দ্রুত চার্জ গঠন করে বিচার প্রক্রিয়া শুরুর নির্দেশ দেয়।

এদিকে, সন্দীপ ঘোষের স্ত্রী সঙ্গীতা ঘোষকে, RG KAR মেডিক্যাল কলেজ থেকে বেলেঘাটা আই ডি হাসপাতালে বদলী করা হয়েছে। মাইক্রো বায়োলজি বিভাগের সহকারী অধ্যাপক

হিসেবেই তিনি সেখানে কাজ করবেন। স্বাস্থ্য ভবনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে গতকাল একথা জানানো হয়।

হাসপাতালে আর্থিক তছরুপের মামলায় সন্দীপ ঘোষ অভিযুক্ত হলেও, তাঁর স্ত্রীর বিরুদ্ধে অবশ্য কোনো অভিযোগ নেই।

**************************

রাজ্য সরকারের 'স্বাস্থ্যসাথী' প্রকল্পের বিরুদ্ধে দায়ের একটি জনস্বার্থ মামলা খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। এই প্রকল্পের সুবিধা অনেকেই পান না বলে দাবি করেছিলেন মামলাকারী। বেশির ভাগ বেসরকারি হাসপাতালে এই প্রকল্প কাজে লাগে না বলেও জানিয়েছিলেন মামলাকারী। আদালত জানিয়েছে যে, নির্বাচিত সরকার বিচার-বিবেচনা করে প্রকল্পের সূচনা করেছে। সরকার কীভাবে প্রকল্প পরিচালনা করবে সেটা তাঁদের সিদ্ধান্ত।

**************************

উত্তরপ্রদেশের প্রয়াগরাজের মহাকুম্ভে পদপিষ্ট হওয়ার ঘটনার পর এরাজ্যের আরো একজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। বিনোদ রুদাস নামে বছর ৪২-এর ওই ব্যক্তি পশ্চিম বর্ধমানের জামুরিয়ার কেন্দার বাসিন্দা। সোমবার রওনা দিয়ে মঙ্গলবার তিনি প্রয়াগরাজে পৌঁছন। তারপর সেদিন রাতেই স্নান করতে গিয়ে হুড়োহুড়ির মধ্যে পড়ে মৃত্যু হয় তাঁর। পারিবারিক সূত্রে জানা গেছে, তাঁর শ্যালক বিনোদের মরদেহ নিয়ে ফিরছেন।

এর আগে এই ঘটনায় মৃত্যু হয় এরাজ্যের আরো দুজনের। এরা হলেন কলকাতার গল্ফগ্রীনের অশ্বিনীনগরের বাসিন্দা ষাটোর্ধ্ব বাসন্তী পোদ্দার এবং পশ্চিম মেদিনীপুরের শালবনীর গোদাপিয়াশালের বাসিন্দা ৭৫ বছরের উর্মিলা ভুঁইঞা।

রাজ্যের আরো কয়েকজন কুম্ভমেলায় পুণ্যস্নানে গিয়ে নিখোঁজ বলে জানা গেছে। এদের মধ্যে আছেন মালদা শহরের কৃষ্ণপল্লী এলাকার বাসিন্দা ষাটোর্ধ্ব অনিতা ঘোষ। কলকাতার সুবীর নস্কর, পূর্ব মেদিনীপুরের পবন জানা, বীরভূমের অসিত কুমার রায়, দুবরাজপুর

এলাকার বাসিন্দা পূরবী গোপ, দার্জিলিং-এর পুতুল রায়, উত্তর দিনাজপুরের সুনীতা মন্ডল এবং কোচবিহারের মহেন্দ্র বর্মন।

মন্ত্রী **অরূপ বিশ্বাস** গতকাল বিজয়গড়ে বাসন্তী দেবীর বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। রাজ্য সরকারের তরফে তিনি শোকার্ত পরিবারকে সবরকম সাহায্যের আশ্বাস দিয়েছেন। সাংবাদিকদের তিনি বলেন- ( বাইট- অরূপ )

এদিকে, অরূপবাবুর মন্তব্য খন্ডন ক'রে বিজেপি রাজ্য সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় বলেন- ( বাইট- জগন্নাথ )

অন্যদিকে, রাজ্য সরকার, উত্তরপ্রদেশ প্রশাসনের সঙ্গে এব্যাপারে যোগাযোগ রেখে চলেছে। দিল্লীর রেসিডেন্ট কমিশনারের কার্যালয় থেকে একটি দল প্রয়াগরাজ গেছে।

উল্লেখ্য, মৌনি অমাবস্যার অমৃতস্নানে প্রচন্ড ভিড়ের মধ্যে পদপিষ্ট হয়ে এখনও পর্যন্ত ৩০ জনের মৃত্যু হয়েছে বলে খবর। আহত অনেকে।

দুর্ঘটনার পরেও মহাকুম্ভে সুষ্ঠুভাবে কুম্ভস্নান চলেছে।

**************************

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের কাঁকুরগাছি-বালিগঞ্জ শাখায় ইলেকট্রনিক ইন্টারলকিং system চালু করার জন্য আগামীকাল (পয়লা ফেব্রুয়ারি) থেকে সোমবার (তেসরা ফেব্রুয়ারী) ভোর চারটে পর্যন্ত ট্রেন চলাচলে কিছু নিয়ন্ত্রণ করা হবে। শিয়ালদার DRM দীপক নিগম গতকাল এক সাংবাদিক বৈঠকে একথা জানান।

তবে, শনি ও রবিবার ৬ টি স্পেশাল ট্রেন চালানো হবে।

**************************

২৯-তম রাজ্য যাত্রা উৎসব আজ শুরু হচ্ছে। বারাসাতের কাছারি ময়দানে ৩৫ দিন ব্যাপী এই উৎসবের উদ্বোধন করবেন যাত্রা অ্যাকাডেমির সভাপতি মন্ত্রী অরূপ বিশ্বাস। সেখানে এই উৎসব চলবে আগামীকাল পয়লা ফেব্রুয়ারী পর্যন্ত।

এরপর দোসরা থেকে চৌঠা ফেব্রুয়ারী রবীন্দ্র সদনে যাত্রার আসর বসতে চলেছে।

অন্যদিকে, পাঁচই ফেব্রুয়ারী থেকে ৬'ই মার্চ পর্যন্ত একমাস ব্যাপী উৎসব হবে উত্তর কলকাতার বাগবাজারের ফণীভূষণ বিদ্যাবিনোদ মঞ্চে।

**************************

ইডেনে রঞ্জি ট্রফি ক্রিকেটের গ্রুপ লিগ পর্বের শেষ ম্যাচের দ্বিতীয় দিনে বাংলা আজ তাদের প্রথম ইনিংসে চার উইকেটে ১১৯ রান হাতে নিয়ে খেলতে নামবে। পাঞ্জাবের থেকে তারা ৭২ রানে পিছিয়ে।

উল্লেখ্য, বাংলা গতকাল টসে জিতে পাঞ্জাবকে ব্যাট করতে পাঠায়। পাঞ্জাবের প্রথম ইনিংস ১৯১ রানে শেষ হয়।

**************************

ISL ফুটবলে ইস্টবেঙ্গল আজ মুম্বই সিটি এফসির বিরুদ্ধে খেলবে। মুম্বই ফুটবল এরিনায় খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়।

দুটি দলই ১৭ টি করে ম্যাচ খেলেছে। মুম্বই ২৭ পয়েন্ট নিয়ে লিগতালিকায় ষষ্ঠ এবং ইস্টবেঙ্গল ১৭ পয়েন্ট নিয়ে একাদশ স্থানে আছে।

**************************

উত্তরাখণ্ডের দেরাদুনে জাতীয় গেমসের তৃতীয় দিনে বাংলা গতকাল আরো দু'টি ব্রোঞ্জ পদক পেয়েছে।

মহিলাদের উসু-তে লক্ষ্মী রায় এবং জলক্রীড়ায় হাই বোর্ড ডাইভিং এ ঈপ্সিতা মহাজন ব্রোঞ্জ জয় করেছেন। পুরুষদের রাগবিতে বাংলা ২৬-১৪ পয়েন্টে কেরালাকে হারিয়ে সেমিফাইনালে পৌঁছেছে। পুরুষদের খো খো-য় বাংলা, ছত্তিশগড়কে হারিয়ে সেমিফাইনালে উঠেছে। মহিলাদের ভলিবলে বাংলা, কর্নাটককে ৩-শূণ্য-য় হারিয়েছে। ওয়াটার পোলোয় পুরুষ বিভাগে কর্নাটককে পরাজিত করেছে বাংলা। সাঁতারে 4X ১00 মিটার মেডলি রিলেতে বাংলা, পুরুষ ও মহিলা দুটি বিভাগেরই ফাইনালে উঠেছে।

*************************************************************************